

স্মারক নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.৪২.০০২.২২.২৯০

তারিখ- ২৬ আশ্বিন ১৪২৯ বঙ্গ।
১১ অক্টোবর ২০২২ খ্রি.

কোটেশন বিজ্ঞপ্তি


ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প হতে ২০২২-২৩ অর্থবছরে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দিঘলিয়া, খুলনা এর ২০ জন নিবন্ধিত জেলেদের মাঝে বিকল্প কর্মসংস্থানের উপদান হিসেবে বকনা গরু প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে নির্ধারিত স্পেশিফিকেশন মোতাবেক প্রকৃত প্রাণিসম্পদ ব্যবসায়ী/ প্রাণিসম্পদ সরবরাহকারী/ প্রাণিসম্পদ দোকান মালিক/প্রাণিসম্পদ সরবরাহকারী/প্রাণিসম্পদ প্রতিষ্ঠান/ব্যক্তি/প্রাণিসম্পদ ফার্ম এর নিকট হতে নিজস্ব প্যাডে সিলগালাকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	কাজের নাম	বরাদ্দের পরিমাণ	কোটেশন প্রাপ্তির স্থান	কোটেশন সংগ্রহ ও দাখিলের শেষ সময়	কাজ সম্পাদনের সময়
০১	২০ টি বকনা বাছুর (গরু) ক্রয়	৫,০০,০০০/- (প্রতিটি ২৫,০০০/- হারে)	উপজেলা মৎস্য দপ্তর, দিঘলিয়া, খুলনা এর অফিস, নোটিশ বোর্ড ও ওয়েবসাইট	১১/১০/২০২২ খ্রি. হতে ৩০/১০/২০২২ খ্রি. পর্যন্ত শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে। (৩০/১০/২০২২খ্রি. বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত দর দাখিল করা যাবে)	০৮/১১/২০২২খ্রি. ১১:০০ ঘটিকা অথবা কার্যাদেশে উল্লিখিত সময়

কোটেশনের শর্তাবলী :

- কোটেশন দাতাকে সরবরাহকৃত সিডিউলে নির্দিষ্ট সংখ্যক গরুর বাচ্চার (বকনা বাছুর) প্রতিটির গড় মূল্য অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কোন প্রকার কাটা কাটি/ ঘষামাজা/ ওভার রাইটিং কিংবা ফুইড ব্যবহার করা যাবে না।
- কোটেশন সমূহ আগামী ৩০/১০/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা এর দপ্তরে সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। প্রাপ্ত কোটেশন সমূহ একই দিনে বেলা ১১:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে উপস্থিত কোটেশন দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে। কোটেশন গৃহীত হলে, দরদাতা যে দরহার প্রদান করবেন, তা কার্য সম্পাদনের সময় বলবৎ থাকবে।
- কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট কমিটির উপস্থিতিতে সফল কোটেশন দাতাকে নিজ খরচে ২০ (বিশ) টি বকনা বাছুর (গরু) সরবরাহ সম্পন্ন করতে হবে।
- সরবরাহকারীকে নিজে বা তাহার প্রতিনিধি দ্বারা কোটেশন পূরন এবং প্রতিপাতায় স্বাক্ষর করতে হবে। প্রতিটি গাই গরু (বকনা বাছুর) এর নূন্যতম ওজন স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- কোটেশন মূল্যায়নের ক্ষেত্রে, যে সকল আইটেম একক দরহার ও মোট মূল্যের মধ্যে পার্থক্য হবে সে ক্ষেত্রে একক দরহার সঠিক হিসাবে ধরা হবে এবং একক দরহার অনুযায়ী মোট ও সর্বমোট মূল্য নির্ধারণ করে সঠিক মূল্য অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে। উদ্ধৃত মূল্য প্রাক্কলিত মূল্যের চেয়ে ৫% এর বেশী অথবা ৫% এর কম হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে।
- সরবরাহকৃত ২০ (বিশ) টি বকনা বাছুর (গরু) অবশ্যই জীবিত, অক্ষত, স্বাস্থ্যবান, রোগমুক্ত, নূন্যতম ০৪ মাস বয়সী এবং বহিঃ খাদ্য গ্রহণে অভ্যস্ত হতে হবে।
- কোটেশন দাতার বিল হতে আয়কর, ভ্যাট, ও অন্যান্য সরকারী কর কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।
- কোটেশন দরদাতাকে ২০ (বিশ) টি বকনা বাছুর (গরু) সরবরাহের সার্টিফিকেট সংগ্রহ করে বিলের সাথে সংযোজন করতে হবে।
- কোটেশন দরদাতাকে কোন চলতি বিল পরিশোধ করা হবে না।
- কোটেশন দাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- উপকরণ ক্রয় কমিটি/ কোটেশন কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

- ১৩। প্রয়োজন অনুযায়ী কাজের পরিমান কম/বেশী হতে পারে এবং ক্রয় কমিটি যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৪। আগামী ০৮/১১/২০২২খ্রি. ১১:০০ ঘটিকা অথবা কার্যাদেশে বর্ণিত তারিখ ও সময়ে উপজেলা পরিষদ চত্বরে কোটেশনে বর্ণিত ২০ (বিশ) টি বকনা বাছুর (গরু) একসাথে সরবরাহ করতে হবে।
- ১৫। কোনক্রমেই মৃত, মৃতপ্রায়, অসুস্থ অথবা বহিঃখাদ্য গ্রহণে অভ্যস্ত নয় এমন গরু গ্রহণ করা হবে না।
- ১৬। কার্যাদেশ প্রাপ্তির পর আংশিক গাই গরুর (বকনা) বাচ্চা সরবরাহ করে বাকী গাই গরুর (বকনা) বাচ্চা সরবরাহ করতে ব্যর্থ হলে কোটেশন দাতাকে কোন প্রকার বিল প্রদান করা হবে না।



(মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
দিঘলিয়া, খুলনা।
মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৪৫২
ই-মেইলঃ sufodigholia@gmail.com

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মাননীয় সাংসদ, ১০২ খুলনা-০৪।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
- ৭। উপজেলা..... অফিসার, দিঘলিয়া, খুলনা।
- ৮। অফিস কপি।